



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১২৯/২৪৪/৪

তারিখঃ ২৪/০৪/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-০৫.৩০.৯৩০০.০০০.১৮.২৪.২০১৮-৩০৯; তারিখঃ ২৮/০২/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলাধীন পেচার আটা মাটি আটা দাখিল মাদ্রাসায় দীর্ঘদিন যাবৎ ম্যানেজিং কমিটি না থাকা ও অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়ান বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল সূত্রে উল্লিখিত স্মারকে অত্র বোর্ডে একটি পত্র প্রেরণ করেছেন। প্রেরিত পত্র পর্যালোচনায় দেখা যায়, দীর্ঘদিন যাবৎ ম্যানেজিং কমিটি না থাকায় প্রতিষ্ঠান পরিচালনায় অসুবিধা হচ্ছে। এছাড়া অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়া কর্তৃক মাদ্রাসার স্বার্থ পরিপন্থি কাজে লিপ্ত থাকায় শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে।

বর্ণিত অবস্থায়-

ক) অনীত অভিযোগের প্রেক্ষিতে কেন অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়ান বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়াকে; এবং

খ) নিয়মিত কমিটি গঠন না করা ও তৎপরবর্তীতে এডহক কমিটি গঠনে ব্যর্থতার বিষয়ে সুনির্দিষ্ট ও সুস্পষ্ট লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করাসহ এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনে আবেদন করার জন্য সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


12.04.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়া;

২) সুপার, পেচার আটা মাটি আটা দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল।

অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।
২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।